50

দৈনিক ইত্তেফাক

তারিখ 2 OCT 1995
পৃষ্ঠা ৪ কলাম ২

# এইচএসসি রাজশাহী বোর্ডে পাসের হার ৫০·৫৭

রাজশাহী অফিস ॥ রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৯৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার ফল গতকাল (শুক্রবার) বিকাল পাঁচটায় প্রকাশিত হইয়াছে। এ বছর এই পরীক্ষায় মোট ১ লাখ ১০ হাজার ১৪৪ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। ইহার মধ্যে পাস করিয়াছে ৫৫ হাজার ৭শত জন। প্রথম বিভাগে ৬ হাজার ২০৯ জন, দ্বিতীয় বিভাগে ৩৭ হাজার ৩২৮ জন ও তৃতীয় বিভাগে ১০ হাজার ১৬৩ জন উত্তীর্ণ হইয়াছে। পাসের হার ৫০ দশমিক ৫৭। ছাত্র ও ছাত্রীদের পাসের হার যথাক্রমে ৪৯ দশমিক ৪৯ ও ৫২ দশমিক ৯৬ (১১শ পৃঃ দ্রঃ)

## এইচএসসি

(১ম পৃঃ পর)

বিজ্ঞান, কৃষি-বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি বিভাগের সম্মিলিত মেধা তালিকায় বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের রোকন-উল-হাসান সর্বোচ্চ ৯৬৯ নম্বর পাইয়া প্রথম স্থান লাভ করিয়াছে। রংপুর ক্যাডেট কলেজের জ্যাকি মোঃ হাসান শরীফ আজমী সর্বোচ্চ ৯৩২ নম্বর পাইয়া দ্বিতীয় ও পাবনা ক্যাডেট কলেজের নিলয় রহমান সর্বোচ্চ ৯৩০ নম্বর পাইয়া তৃতীয় হইয়াছে। এই মেধা তালিকায় ১৪ জনের মধ্যে রাজশাহী সরকারী কলেজের দুইজন ও বগুড়া সরকারী আজিজুল হক কলেজের একজন ছাড়া সবাই রাজশাহী, পাবনা ও রংপুর ক্যাডেট কলেজ এবং বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রী। অন্যান্য ক্যাডেট কলেজের তুলনায় এ বছর এইচএসসি পরীক্ষায় এই মেধা তালিকার শীর্ষে রহিয়াছে পাবনা ক্যাডেট কলেজ। মেধা তালিকায় এই কলেজের চারজন স্থান পাইয়াইয়াছে। রংপুর ক্যাডেট কলেজের তিনজন মেধা তালিকায় রহিয়াছে। এই মেধা তালিকায় রাজশাহী ক্যাডেট কলেজের দুইজন ছাত্র স্থান লাভ করিয়াছে। বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজেরও দুইজন ছাত্র মেধা তালিকায় রহিয়াছে।